# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd


স্মারক- ৫৭.১৬.০০০০.০০৬.৩১.০০১.২১-৩৬৪ তারিখ: ২৩/০৯/২০২৫ খ্রি.

## জরুরি বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ২০২৫ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (e-SIF পূরণের মাধ্যমে) রেজিস্ট্রেশন**

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও স্বীকৃতিপ্রাপ্ত দাখিল/আলিম এবং আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ফাযিল/কামিল পর্যায়ের মাদ্রাসার অধ্যক্ষ/সুপারসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দাখিল স্তরে ২০২৫ সালে ৮ম শ্রেণিতে ভর্তিকৃত অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া নিম্নবর্ণিত নির্দেশনাবলি অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে e-SIF (Electronic student Information Form) পদ্ধতিতে সম্পন্ন করতে হবে।

## নির্দেশাবলি

১। ২০২৩ সালের ৬ষ্ঠ শ্রেণিতে বোর্ডের অধীনে রেজিস্ট্রেশনকৃত এবং ২০২৪ সালের ৭ম শ্রেণির বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৫ সালে ৮ম শ্রেণিতে ভর্তি ও রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে। তথ্য এন্ট্রি দেয়ার সময় ৬ষ্ঠ শ্রেণি পাশের সাল, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড সঠিক ভাবে সিলেক্ট করতে হবে। অন্যথায় ভুল শিক্ষার্থীর তথ্য এন্ট্রি হয়ে থাকলে তার দায়-দায়িত্ব মাদ্রাসা প্রধানকে বহন করতে হবে।

২। শিক্ষার্থীর বয়স রেজিস্ট্রেশনের বছরের ১লা জানুয়ারি তারিখে নূন্যতম বয়স ১১+ এবং সর্বোচ্চ বয়স ১৭ বছর হতে হবে। তবে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ২২ বছর।

৩। **অনলাইনে ফি জমা ও তথ্য এন্ট্রি সময় সূচীঃ**

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ক) | অনলাইনে রেজিস্ট্রেশন ফি জমা | **২৫/০৯/২০২৫** থেকে **১৫/১০/২০২৫** পর্যন্ত |
| | অনলাইনে রেজিস্ট্রেশন ফি জমা (বিলম্বসহ) | **২৩/১০/২০২৫** পর্যন্ত |
| খ) | তথ্য (eSIF) এন্ট্রির সর্বশেষ তারিখ | **২৬/১০/২০২৫** পর্যন্ত |
| *(রেজিস্ট্রেশন ফি সিস্টেমে জমা হওয়ার পরই কেবলমাত্র তথ্য আপলোডের জন্য নতুন এন্ট্রি অপশন পাওয়া যাবে)* | | |

৪। **ফি প্রদান ও e-SIF পূরণঃ**

(ক) যে কোন ব্রাউজার হতে সরাসরি www.ebmeb.gov.bd প্রবেশ করে Junior Dakhil Certificate»»eSIF-Student Information Form»»2025 সিলেক্ট করে Continue বাটনে ক্লিক করলে প্রতিষ্ঠানের লগইন প্যানেল আসবে। লগইন প্যানেলে প্রতিষ্ঠানের EIIN এবং Password ব্যবহার করে প্রবেশ করে **পেমেন্ট অপশনে** ক্লিক করে **শিক্ষার্থী সংখ্যা এন্ট্রি** দিয়ে সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি প্রদান করতে হবে।

(খ) রেজিস্ট্রেশন ফি সিস্টেমে জমা হওয়ার পরই কেবলমাত্র শিক্ষার্থীর তথ্য আপলোডের জন্য **নতুন এন্ট্রির** অপশন পাওয়া যাবে। এন্ট্রিকৃত শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ তালিকার প্রিন্ট আউট নিয়ে নামের সাথে ছবি যাচাই বাছাই করতে হবে। যাচাই বাছাইয়ে ভুল ধরা পড়লে Edit অপশনে ক্লিক করে সংশোধন করা যাবে।

৫। **রেজিস্ট্রেশন ফি-এর হার (শিক্ষার্থী প্রতি) নিম্নরূপঃ**

| ক্রমিক | বিবরণ | ফি এর হার |
|---|---|---|
| ক | রেজিস্ট্রেশন ফি | ৫০.০০ টাকা |
| খ | রেড ক্রিসেন্ট ফি | ২৪.০০ টাকা |
| গ | **বিলম্ব ফি ব্যতিত মোট ফি** | **৭৪.০০ টাকা** |
| ঘ | বিলম্ব ফি | ৫০.০০ টাকা (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ঙ | **বিলম্ব ফি সহ মোট ফি** | **১২৪.০০ টাকা** |

*বিঃদ্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ স্মারক মোতাবেক ৮ম শ্রেণির রেজিস্ট্রেশন কার্যক্রমের সময় শিক্ষার্থীদের কাছ থেকে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণিতে আদায়কৃত মোট রেডক্রিসেন্ট ফি (২০+২০+২০)=৬০ (ষাট) টাকার ৬০% অর্থাৎ ৩৬/- (ছত্রিশ) টাকা নিজ প্রতিষ্ঠানে (আলাদা রেড ক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য সংরক্ষণ করবে। অবশিষ্ট ৪০% অর্থাৎ ২৪/- (চব্বিশ) টাকা মাদ্রাসা শিক্ষা বোর্ডে প্রদান করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণিতে ভর্তির সময় প্রতি শিক্ষাবর্ষে ২০/- (বিশ) টাকা হারে রেড ক্রিসেন্ট ফি সংগ্রহ করবে এবং ৮ম শ্রেণিতে রেজিস্ট্রেশনের সময় একত্রিত ও সমন্বয় করে নিজস্ব একাউন্টে সংরক্ষণ ও মাদ্রাসা বোর্ড বোর্ডকে প্রদান করবে।*

অপর পাতায় দ্রষ্টব্য

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd



৬। শিক্ষার্থীর সকল তথ্য নিশ্চিত হয়ে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে। উল্লিখিত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পাদন করতে ব্যর্থ হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

৭। নতুন দাখিল স্তরের ৯ম শ্রেণির পাঠদান অনুমতি প্রাপ্ত মাদ্রাসা প্রধান বোর্ডে আবেদন করে পাসওয়ার্ড সংগ্রহ করবেন। **দাখিল স্তরের ৯ম শ্রেণির পাঠদানের অনুমতি/স্বীকৃতি ব্যতীত মাদ্রাসাসমূহ দাখিল স্তরের ৮ম শ্রেণির রেজিস্ট্রেশন করতে পারবে না।**

৮। e-SIF এর চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট কপিতে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের স্বাক্ষর নিয়ে হার্ড কপি মাদ্রাসায় সংরক্ষণ করতে হবে। রেজিস্ট্রেশনের তালিকা অত্র বোর্ড বা আঞ্চলিক কার্যালয়ে জমা প্রদানের প্রয়োজন নেই। ভবিষ্যতে বোর্ডের প্রয়োজনে যথাস্থানে তা দাখিল করতে হবে।

৯। বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে **'বিশেষ চাহিদা সম্পন্ন কি না'** তা উল্লেখ করতে হবে এবং প্রমাণ স্বরূপ সমাজসেবা অধিদপ্তরের অনলাইন ডাটাবেজ নিবন্ধন পূর্বক তাদের কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করে বোর্ডে সরাসরি আবেদন করতে হবে।

১০। শুধুমাত্র রেজিস্ট্রেশন ফি প্রদান ও তথ্য এন্ট্রি সংক্রান্ত সমস্যার সমাধানের জন্য প্রতিষ্ঠানের EIIN ভিত্তিক সিম নম্বর দিয়ে **০১৭১৩-০৬৮৯০৯** যোগাযোগ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৩.৯.২৫

(প্রফেসর ছালেহ আহমাদ)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ফোনঃ ০২-৯৬১২৮৫৮
registrar@bmeb.gov.bd

**অধ্যক্ষ/সুপার**
**বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল মাদ্রাসা**

স্মারক- ৫৭.১৬.০০০০.০০৬.৩১.০০১.২১-৩৬৪

তারিখ: ২৩/০৯/২০২৫ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণঃ**

১. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল;
৩. সিনিয়র পরামর্শক, কম্পিউটার কেন্দ্র, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৪. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ ও বহুল প্রচারের অনুরোধ সহ);
৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।
৬. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল।
৭. পি.ও.টু চেয়ারম্যান (সদয় অবগতির জন্য). বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।
৮. অফিস কপি।

২৩/০৯/২৫

মোঃ জিয়াউর রহমান
উপ-রেজিস্ট্রার (কমন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোনঃ ০২-২২৩৩৬৫৪০৩